# আপনি কি করতে পারেন

1. **আলামত সম্পর্কে জানুন।** আমাদের আলামত কার্ডগুলোর অর্ডার দিন, ১৭টি ভাষায় মানিব্যাগ-আকারের এই কার্ডগুলোতে মূল চিহ্নগুলোর তালিকা রয়েছে। আপনি আপনার এলাকায় এই কার্ডগুলো বিতরণ করতে পারেন। আমরা এছাড়া প্রাথমিক উত্তরদাতা ও স্বাস্থ্য সেবা প্রদানকারীদের জন্যও আলামত কার্ড তৈরি করেছি। এই ওয়েবসাইটে গিয়ে এ সম্পর্কে আরও জানুন: *www.dhs.gov/Bluecampaign*.

2. **মানব পাচারের সন্দেহ হলে অভিযোগ করুন। কোন ব্যক্তিকে মানব পাচারের শিকার হিসেবে সন্দেহ হলে, অথবা আপনি আইন প্রয়োগকারী সংস্থার সদস্য হলে এবং আপনার এলাকার এইচএসআই** (HSI)**-এর সাথে যোগাযোগ করতে চাইলে,** HSI **টিপলাইনে যোগাযোগ করুন:**

    - (866) 347-2423 **নম্বরে কল করুন** (যুক্তরাষ্ট্র ও কানাডা থেকে টোল-ফ্রি)
    - (802) 872-6199 **নম্বরে কল করুন** (বিশ্বের যেকোনো স্থান থেকে, চার্জ প্রযোজ্য)
    - অথবা পাচারের ঘটনার আভাস অনলাইনে *www.ice.gov/tips* ওয়েবসাইটে অভিযোগ করুন (ইন্টারনেটে বিশ্বের যেকোনো স্থান থেকে)

    উচ্চ প্রশিক্ষিত আইন প্রয়োগকারী সংস্থার বিশেষজ্ঞগণ দেশ ও বিশ্বব্যাপী দিনে ২৪ ঘন্টা, সপ্তাহে ৭ দিন, মানব পাচার বিষয়ক অভিযোগ গ্রহণ ও মানব পাচারের ঘটনা তদন্তে দায়িত্বরত তদন্তকারীদের দ্রুত তা জানাতে কাজ করছে। পাচারের সংবাদ বেনামে অনলাইনে ও টোল-ফ্রি টিপলাইনের মাধ্যমে জানানো যাবে।

    **ন্যাশনাল হিউম্যান ট্রাফিকিং রিসোর্স সেন্টার (NHTRC)-কে** 1-888-373-7888 **নম্বরে কল করে:**

    - আপনার এলাকার সেবা প্রদানকারীর সহায়তা নিন ও তাদের সাথে যোগাযোগ রাখুন;
    - সম্ভাব্য মানব পাচার কার্যকলাপ সম্পর্কে তথ্য দিন; অথবা
    - প্রশিক্ষণ, কারিগরি সহায়তা, বা অন্যান্য সুবিধা চাওয়ার মাধ্যমে আপনার জ্ঞানের পরিধি বাড়ান।

    NHTRC একটি দেশব্যাপী, টোল-ফ্রি টেলিফোন লাইন যা দেশের যেকোনো স্থান থেকে আসা ফোনের জবাব দিতে দিনে ২৪ ঘন্টা, সপ্তাহে ৭ দিন ও বছরের প্রতিটি দিনই তৎপর। NHTRC কোন আইন প্রয়োগকারী সংস্থা বা অভিবাসন কর্তৃপক্ষ নয় এবং এটি একটি বেসরকারি সংস্থা-কর্তৃক পরিচালিত।

3. **আপনার এলাকার হোমল্যান্ড সিকিউরিটি ইনভেস্টিগেশন্স (HSI) সম্পর্কে জানুন। HSI বিশেষ এজেন্ট ও আপনার এলাকায় মানব পাচার নিয়ে কর্মরত ক্ষতিগ্রস্তদের সহায়তাকারী বিশেষজ্ঞদের সাথে যোগাযোগ স্থাপনে** HSI টিপলাইনে কল করুন এবং এমনকি যৌথ-ভাবে তদন্ত পরিচালনা করা যায় এরূপ কোন ঘটনার মুখোমুখি হওয়ার পূর্বেই আপনি তাদের সাথে বিশেষ সম্পর্ক গড়ে তুলুন। কোন ঘটনা উদঘাটনে সহযোগিতা করুন ও ঘটনার তথ্য ও গোয়েন্দা তথ্য শেয়ার করুন।

4. **আপনার এলাকায় কর্মরত টাস্ক ফোর্স-এর সাথে যোগাযোগ করুন। মানব পাচার বিষয়ক টাস্ক ফোর্স গঠিত হয় ফেডারেল, স্টেট, স্থানীয়, কাউন্টি, ও উপজাতীয় আইন প্রয়োগকারী সংস্থা ও আইন কর্মকর্তাগণ ও ক্ষতিগ্রস্তদের সেবা প্রদানকারী এনজিও'র সমন্বয়ে। আপনার এলাকায় মানব পাচার বিষয়ক কোন টাস্ক ফোর্স আছে কি-না তা** *www.bja.gov* ওয়েবসাইটটি পরিদর্শনের মাধ্যমে জেনে নিন। যদি এ ধরনের কোন টাস্ক ফোর্স থাকে, তাহলে সেটির সাথে সম্পর্ক গড়ে তুলুন ও তাদের সাথে যোগ দিন।

5. **নিজেকে ও আপনার সহকর্মীদেরকে বিষয়টি সম্পর্কে সচেতন করুন।** আপনি যদি আইন প্রয়োগকারী সংস্থার সদস্য হন, আমাদের কম্পিউটারভিত্তিক বিনামূল্যের মিথষ্ক্রিয় প্রশিক্ষণে প্রশ্ন করার ও তদন্ত করার বিভিন্ন কৌশল শেখানো হয়, যার মাধ্যমে আপনি আরও কার্যকর হতে পারবেন। এই ওয়েবসাইটে যান: *www.fletc.gov/training/programs/human-trafficking-training-program.* আপনি যদি প্রাথমিক উত্তরদাতা বা স্বাস্থ্য সেবা পেশাজীবি হন, সেক্ষেত্রে আমাদের সাধারণ অনলাইন, মিথষ্ক্রিয় প্রশিক্ষণটি গ্রহণ করুন এবং আমাদের প্রাথমিক উত্তরদাতার ভিডিওটি দেখুন। এই ওয়েবসাইটে যান:
*www.dhs.gov/Bluecampaign.*

6. **Blue Campaign ওয়েবসাইটটি পরিদর্শন করুন।** আরো প্রশিক্ষণ, প্রচার উপকরণ, ক্ষতিগ্রস্তদের সহায়তা উপকরণ, ও মানব পাচার রোধে কিভাবে লড়াই করতে হবে সে সংক্রান্ত তথ্যের জন্য, এই ওয়েবসাইটে যান: *www.dhs.gov/Bluecampaign*। Facebook -এ আমাদেরকে "পছন্দ করুন": *www.facebook.com/bluecampaign* অথবা, *BlueCampaign@hq.dhs.gov* ইমেইল ঠিকানায় আমাদের সাথে যোগাযোগ করুন।

শিকার শনাক্তকরণ
আইন প্রয়োগকারী সংস্থা, প্রাথমিক সাড়া প্রদানকারী, এবং স্বাস্থ্য সেবা পেশাদারবৃন্দ



# আপনি কি করতে পারেন?

*মানব পাচারের শিকার শনাক্তকরণ এবং সন্দেহভাজন মানব পাচারের ঘটনার অভিযোগ পেশ*

BLUE CAMPAIGN
One Voice. One Mission. End Human Trafficking.

# আপনি কি করতে পারেন?

*পাচারের শিকার শনাক্তকরণ ও সন্দেহভাজন মানব পাচারের ঘটনার অভিযোগ পেশ*

## পাচারের শিকার ব্যক্তিদের প্রকাশ্যে দেখা যেতে পারে

আপনার দায়িত্ব পালনকালে আপনি মানব পাচারের সম্ভাব্য শিকার কোন ব্যক্তির দেখা পেতে পারেন। মানব পাচারের শিকার ব্যক্তিরা আপনার কমিউনিটিতেই আছেন। কোন বাসায় কোলাহলের ঘটনা ঘটলে আইন প্রয়োগকারী সংস্থার ব্যক্তিরাও তাদের দেখা পেতে পারেন; ম্যাসাজ পার্লার, বার, ও স্ট্রিপ ক্লাবে কোন ঘটনা মোকাবেলায় উপস্থিত হলে অথবা নিয়মিত যানবাহন পরীক্ষা করার স পাচারকৃত ব্যক্তির দেখা মিলতে পারে। প্রাথমিক উত্তরদাতা ও স্বাস্থ্য সেবা পেশাজীবিরা জরুরি কোন পরিস্থিতিতে ডাক পেলে অথবা হাসপাতালে বা ডাক্তারের কার্যালয়ে রোগীর চিকিত্সা করানোর সময় পাচারের চিহ্নগুলো লক্ষ্য করে থাকতে পারেন। স্বাস্থ্য ও নিরাপত্তা পরিদর্শকগণ রেস্তোঁরা, কারখানা, নির্মাণ সাইট, বা খামারের কাজে নিয়োজিত অবস্থায় পাচারের শিকার ব্যক্তিদের দেখতে পারেন।

## যুক্তরাষ্ট্রের নাগরিকসহ তারা যেকোনো বয়স, বর্ণ, লিঙ্গ বা দেশের হতে পারেন

তাদের বৈধ অভিবাসনের অনুমতি থাকতেও পারে নাও থাকতে পারে। পাচারের শিকার ব্যক্তিদের বৈধ ও অবৈধ উভয় ধরনের কাজে নিয়োজিত দেখা যেতে পারে; কাউকে কাউকে উচ্চ-বেতনের চাকুরি, অথবা এমনকি ভালবাসার মিথ্যা আশ্বাসে প্রলুব্ধ করা হতে পারে। প্রায়শই তাদেরকে বাসাবাড়ির কাজে, খামার বা কারখানার শ্রমিক হিসেবে, অথবা অন্যান্য ধরনের জবরদস্তিমূলক শ্রমে, বা যৌন-বাণিজ্যে (পতিতাবৃত্তি) বাধ্য করা হয়। ফেডারেল আইনানুযায়ী, যৌন-বাণিজ্যে সম্পৃক্ত হতে রাজি হওয়া প্রতিটি অপ্রাপ্তবয়স্ক শিশু মানব পাচারের শিকার।

## পাচারকারীরা কিভাবে কাজ করে

পাচারকারীরা দুর্বল সামাজিক নিরাপত্তা-জাল সম্পন্ন বা সামাজিক নিরাপত্তা-জাল বিহীন ব্যক্তিদেরকে তাদের শিকারে পরিণত করে। তারা এমন ব্যক্তিদের লক্ষ্যবস্তু করে যারা বিভিন্ন কারণে ঝুঁকিগ্রস্ত, এর মধ্যে অর্থনৈতিকভাবে দুর্দশাগ্রস্ত, বাসায় শারীরিক নিপীড়ন, প্রাকৃতিক দুর্যোগ, বা রাজনৈতিক অস্থিরতার শিকারগ্রস্থ  ব্যক্তিরা অন্তর্ভুক্ত। পাচারকারীরা লোকজনকে ফাঁদে ফেলতে ও বশে আনতে বিভিন্ন ধরনের কৌশল প্রয়োগ করে, এগুলোর মধ্যে কেবল সহিংস আচরণ বা সহিংসতার হুমকি ছাড়াও মানসিক নির্যাতনও অন্তর্ভুক্ত। এ ধরনের মানসিক নিপীড়ন এতটা তীব্র হতে পারে যে পাচার হওয়া অনেক ব্যক্তিই নিজেদেরকে পাচারের শিকার হিসেবে শনাক্ত করতে পারে না অথবা এমনকি জনসম্মুখেও সহায়তা চাইতেও ভয় পায়।

## মানব পাচারের চিহ্নসমূহ

মানব পাচারের প্রধান আলামত চিহ্নগুলো শনাক্তকরণ একটি জীবন বাঁচাতে পারে। ক্ষতিগ্রস্তদের চিহ্নিত করার এটি সর্বপ্রথম পদক্ষেপ। নিম্নে উল্লিখিত সবগুলো আলামত চিহ্ন প্রতিটি মানব পাচারের ঘটনায় বিদ্যমান থাকে না। আলামত চিহ্নগুলোর যেকোনোটির উপস্থিতি বা অনুপস্থিতিই মানব পাচারের প্রমাণ বহন করে না।

কোন তদন্তে সহযোগিতা করা বা কোন আভাস সম্পর্কে অভিযোগ করার ক্ষেত্রে, আপনি আইন প্রয়োগকারী সংস্থার সদস্য হলে, অনুগ্রহ করে হোমল্যান্ড সিকিউরিটি ইনভেস্টিগেশন (HSI) মাঠ কার্যালয় বা আপনার এলাকার মানব পাচার বিষয়ক টাস্ক ফোর্সের সহায়তা নিন। মানব পাচারের ঘটনা তদন্ত পরিচালনা ও পাচারকারীদের গ্রেফতার করার দায়িত্ব HSI-এর। আপনার উর্ধ্বতনকে জানানোর ও যথাযথ স্থানীয় কর্তৃপক্ষের সাথে কাজ করার জন্য আপনার ক্ষেত্রে প্রতিষ্ঠান-নির্দিষ্ট কোন প্রোটোকল থাকতে পারে। আপনি যদি প্রাথমিক উত্তরদাতা হন, মানব পাচারের কোন আভাস পেলে অনুগ্রহ করে অভিযোগ করুন। আপনার ও ক্ষতিগ্রস্ত ব্যক্তির নিরাপত্তা সর্বাধিক গুরুত্বপূর্ণ। **আপনি আইন প্রয়োগকারী সংস্থার সদস্য না হলে কখনোই সন্দেহভাজন পাচারকারীদের সরাসরি মোকাবেলা করতে যাবেন না বা সন্দেহভাজন ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে আপনার সন্দেহ বুঝতে দেবেন না।**

### শ্রমজনিত বা সেবা সংশ্লিষ্ট আলামতসমূহ

- সংশ্লিষ্ট ব্যক্তিটিকে কি এক কাজে নিয়োগ দিয়ে জোর করে অন্য কাজ করানো হচ্ছে?
- তথাকথিত ঋণ পরিশোধের নামে সংশ্লিষ্ট ব্যক্তির কি বেতন কেটে রাখা হচ্ছে?
- সংশ্লিষ্ট ব্যক্তিটিকে কি জোর করে যৌন কাজে বাধ্য করা হচ্ছে? ব্যক্তিটি কি যৌন-বাণিজ্যে নিযুক্ত কোন কিশোর?
- সংশ্লিষ্ট ব্যক্তিটি কি অনেক বেশি সময় ধরে ও/বা অস্বাভাবিক দীর্ঘ সময় ধরে কাজ করেন?
- সংশ্লিষ্ট ব্যক্তি কি পরিস্থিতি বা কাজের ধরন অনুযায়ী পর্যাপ্ত পোশাক পরিধান করছেন?

### নিয়ন্ত্রণের আলামতসমূহ

- সংশ্লিষ্ট ব্যক্তির শনাক্তকরণ ও পরিচিতিমূলক ডকুমেন্টগুলো কি তার নিজের কাছে আছে; যদি না থাকে তাহলে সেগুলো কার কাছে আছে?
- সংশ্লিষ্ট ব্যক্তিটি যা বলেন সেটি কি শিখিয়ে দেওয়া বলে মনে হয়? তিনি কি এমন কোন ব্যক্তির সাথে আছেন যিনি তাকে পরিচালিত করছেন বলে মনে হয়?
- সংশ্লিষ্ট ব্যক্তি বা তার পরিবারকে কি ক্ষতিসাধনের হুমকি দেওয়া হয়েছে?
- সংশ্লিষ্ট ব্যক্তিকে দেখে কি শঙ্কিত, ভীরু, কিংবা বশ্য বলে মনে হয়?
- সংশ্লিষ্ট ব্যক্তিকে কি দেশে ফেরত পাঠিয়ে দেওয়ার বা তার বিরুদ্ধে আইনী পদক্ষেপ গ্রহণের হুমকি দেওয়া হয়েছে?
- সংশ্লিষ্ট ব্যক্তিটি কি বিভ্রান্ত, ভীত মনে হয়, কিংবা তার শরীরে কি মানসিক বা শারীরিক নির্যাতনের চিহ্ন রয়েছে?
- সংশ্লিষ্ট ব্যক্তিটি কি বন্ধুবান্ধব বা পরিবারের সাথে নির্বিঘ্নে যোগাযোগ করতে পারেন?
- সংশ্লিষ্ট ব্যক্তিটি কি নির্বিঘ্নে সামাজিকভাবে মেলামেশার বা ধর্মীয় আচার-অনুষ্ঠানে অংশ নিতে পারেন?

### জীবনযাপনের পরিস্থিতির আলামতসমূহ

- সংশ্লিষ্ট ব্যক্তিটির সাথে কি ব্যবহার্য জিনিসপত্র কম এবং তার জীবনযাপন কি অস্থিতিশীল?
- সংশ্লিষ্ট ব্যক্তিটি কি স্বাধীনভাবে চলাফেরা করেন? তিনি কি নির্বিঘ্নে বাসা থেকে বের হতে পারেন? সেখানে কি অযৌক্তিক কোন নিরাপত্তা ব্যবস্থা রয়েছে?
- সংশ্লিষ্ট ব্যক্তিকে কি খাবার, পানি, বা ঘুম, চিকিত্সা সেবা বা অন্যান্য মৌলিক প্রয়োজন থেকে বঞ্চিত করা হয়েছে?

### ভ্রমণ সংক্রান্ত আলামতসমূহ

- সংশ্লিষ্ট ব্যক্তিটি কি জানে তার চূড়ান্ত গন্তব্য কোথায়? অথবা কিভাবে তাদেরকে সেখানে যেতে হবে?
- সংশ্লিষ্ট ব্যক্তিটি কি জানে চূড়ান্ত গন্তব্যে তার সাথে কে দেখা করতে আসবে?
- সংশ্লিষ্ট শিশুটি কি এমন কারও সাথে ভ্রমণ করছে যাকে দেখে তার প্রকৃত পিতা-মাতা বা অভিভাবক বলে মনে হয় না?

### স্বাস্থ্য সংক্রান্ত আলামতসমূহ

- সংশ্লিষ্ট ব্যক্তির শরীরে কি কাটা দাগ, পোড়া চিহ্ন, অঙ্গহানি, বা সংক্রামক রোগের চিহ্ন রয়েছে?
- সংশ্লিষ্ট ব্যক্তিটিকে কি তার চিকিত্সা সংক্রান্ত ইতিবৃত্ত প্রদানে নিবৃত্ত বা বাধা দেওয়া হয়েছে?
- সংশ্লিষ্ট ব্যক্তিটি কি মূত্র রোগ, শ্রোণীর ব্যাথা, গর্ভাবস্থা, বা মলনালীর আঘাতে ভুগছেন?
- সংশ্লিষ্ট ব্যক্তিটি কি দীর্ঘমেয়াদী মেরুদণ্ডের ব্যাথা, শ্রবণ জটিলতা, হৃদযন্ত্রে রক্তচলাচল জটিলতা (কার্ডিওভাসকিউলার), বা শ্বাস-প্রশ্বাস জনিত সমস্যায় ভুগছেন?
- সংশ্লিষ্ট ব্যক্তিটির দৃষ্টি শক্তি কি দুর্বল বা চোখে সমস্যা আছে?
- সংশ্লিষ্ট ব্যক্তিটি কি দেখতে পুষ্টিহীন বা গুরুত্বর দন্ত সমস্যায় আক্রান্ত বলে মনে হয়?

BLUE CAMPAIGN
One Voice. One Mission. End Human Trafficking.